



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh. Phone: 0371-61328

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২ এপ্রিল ২০০৭

প্রেস বিজ্ঞপ্তি

**ইউপিডিএফ নেতা সচিব চাকমার স্ত্রী ও দুই শিশু সন্তান আটক, মুক্তি দাবি**

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) চট্টগ্রাম ইউনিট আজ ২ এপ্রিল সংবাদপত্রে দেয়া এক বিবৃতিতে জানিয়েছে, গতকাল রাঙ্গামাটি জেলার প্রত্যন্ত গ্রাম বগাছড়ি থেকে সেনা সদস্যরা ইউপিডিএফ নেতা সচিব চাকমার স্ত্রী মানেকপুদি চাকমা, তার বাবা মেরেয়্যা চাকমা ও দুই শিশু সন্তান এবং অরুণ চাকমা নামে অপর এক গ্রামবাসীকে আটক করেছে। ইউপিডিএফ এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে এবং অবিলম্বে তাদের মুক্তি দেয়ার দাবি জানিয়েছে।

ঘটনার বর্ণনা দিয়ে বিবৃতিতে বলা হয়, ১ এপ্রিল সকাল আটটার দিকে জুরিপ্যা পাড়া আর্মি ক্যাম্প থেকে এক দল সেনা সদস্য সচিব চাকমার বাড়ি ঘেরাও করে। তারা সচিব চাকমাকে খোঁজ করে, কিন্তু এ সময় তিনি বাড়িতে ছিলেন না। সেনারা সচিব চাকমার বৃদ্ধ পিতা ও অরুণ চাকমার ওপর শারীরিক নির্যাতন চালায়। পরে তাদের সবাইকে নান্যাচর আর্মি জোন হেডকোয়ার্টারে নেয়া হয়। সচিব চাকমার স্ত্রী রাঙ্গামাটি জেলাধীন কাউখালির একটি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক। আটকের কয়েকদিন আগে তিনি তার শিশুর বাড়িতে বেড়াতে গিয়েছিলেন।

পার্বত্য চুক্তির সমালোচনার কারণে ইউপিডিএফ-এর কেন্দ্রীয় সদস্য সচিব চাকমাকে ইতিপূর্বে দুইবার কারাবরণ করতে হয়েছে। প্রথম বার তিনি হ্রেফতার হন ১৯৯৮ সালের ১১ ফেব্রুয়ারী নান্যাচর বাজার থেকে, এবং দ্বিতীয়বার ২০০৫ সালের ২৩ মে খাগড়াছড়িস্থ ইউপিডিএফ কার্যালয় থেকে। মাত্র কয়েক মাস আগে তিনি চট্টগ্রাম কারাগার থেকে জামিনে মুক্তি লাভ করেন।

**রিপন চাকমা**

প্রেস সেকশন

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

চট্টগ্রাম ইউনিট।